



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT, GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-০৩৫

সরকার সবসময় উদ্যোক্তাদের পাশে আছে

- পররাষ্ট্র প্রতিমন্ত্রী

রাজশাহী; ০৩ ভাদ্র (১৮ আগস্ট):

সরকার সবসময় উদ্যোক্তাদের পাশে আছে বলে জানিয়েছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী মোঃ শাহরিয়ার আলম, এমপি।

আজ শুক্রবার (১৮ আগস্ট) দুপুরে পররাষ্ট্র প্রতিমন্ত্রী তাঁর নির্বাচনী এলাকা রাজশাহীর চারঘাটের কালুহাটিতে পাদুকা শিল্পের উন্নয়নে একটি কমন ফ্যাসিলিটি সেন্টারের (সিএফসি) উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এ কথা জানান।

প্রতিমন্ত্রী বলেন, পৃথিবীতে এমন কোনো দেশ নেই, যেখানে সরকার সবাইকে চাকরি দিতে পারে। আর এটা সম্ভবও নয়। একজন তরুণ উদ্যোক্তা এখন চেষ্টা করলে অনেক কিছু করতে পারে। নিজেকে একটি উদ্যোগী কাজে নিয়োজিত করে অনেক উপার্জন করার সুযোগ বর্তমানে সৃষ্টি হয়েছে। সরকার সবসময় উদ্যোক্তাদের পাশে রয়েছে। প্রধানমন্ত্রী এ ব্যাপারে সহযোগিতা করতে প্রত্যেকটি মন্ত্রণালয়কে নির্দেশ দিয়েছেন।

উদ্যোক্তাদের উদ্দেশ্যে শাহরিয়ার আলম বলেন, তোমাদের এমন কিছু করতে হবে, যা আর দশ জন করে না। তাহলে দেখবে ভবিষ্যতে পেছনে ফিরে তাকাতে হবে না, সামনে এগিয়ে যাবে। তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা সবসময় বলেন- তোমরা চাকরির পেছনে না ছুটে নিজেকে উদ্যোক্তা হিসেবে গড়ে তোল।'

বাংলাদেশের কৃষিই ভবিষ্যতে ব্যবসার সবচেয়ে বড় একটি উপকরণ হতে যাচ্ছে উল্লেখ করে তিনি বলেন, বিশ্বব্যাপী মানব সভ্যতার উন্নয়নের সঙ্গে সঙ্গে কৃষিতে ব্যাপক পরিবর্তন এসেছে। বাংলাদেশে কৃষি বৃহৎ একটি খাত। ভবিষ্যতে কৃষিজাত পণ্য আমাদের ব্যবসার বড় অংশ দখল করে নেবে- সে কারণে আমাদেরকে এখন থেকে কৃষিখাতে উদ্যোগী হতে হবে, উদ্যোক্তা হিসেবে গড়ে উঠতে হবে। এ সময় তিনি ব্যবসায়ীদের তড়িৎ ও যুগোপযোগী সিদ্ধান্ত নেওয়ার পরামর্শ দেন।

কালুহাটির পাদুকাশিল্পের উদ্যোক্তাদের সমস্যা সম্পর্কে সবসময় ওয়াকিবহাল আছেন জানিয়ে তিনি বলেন, সুখের দিনে আপনারা আমাকে না পেলেও দুঃখের দিনে অবশ্যই পাবেন। কালুহাটিতে নিজ উদ্যোগে পাদুকা শিল্পের যাত্রা শুরু হয়েছিল। আজ সরকারের একটি মহৎ উদ্যোগে এসএমই ফাউন্ডেশনের সহযোগিতায় কমন ফ্যাসিলিটি সেন্টার উদ্বোধন হলো, যা এসএমই ফাউন্ডেশনের সহযোগিতায় প্রতিষ্ঠিত দেশের প্রথম কমন ফ্যাসিলিটি সেন্টার।

কালুহাটি এখন বৃহৎ জনগোষ্ঠীর দৃষ্টি আকর্ষণ করছে মন্তব্য করে তিনি বলেন, কমন ফ্যাসিলিটি সেন্টারের কারণে কালুহাটিতে পাদুকাশিল্পের সম্ভাবনা আরও ব্যাপক মাত্রায় ছড়িয়ে যাবে। সবাইকে আরও দক্ষ হয়ে কাজ করে এই শিল্পকে এগিয়ে নেওয়ার আহ্বান জানান তিনি।

অনুষ্ঠানে এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন ড. মো. মাসুদুর রহমানের সভাপতিত্বে শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব এস এম আলম, এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক মফিজুর রহমান, অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা) সরকার অসীম কুমার বক্তব্য রাখেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন এসএমই ফাউন্ডেশনের

মহাব্যবস্থাপক ফারজানা খান। শুভেচ্ছা বক্তব্য রাখেন চারঘাট উপজেলা নির্বাহী অফিসার সোহরাব হোসেন। অনুষ্ঠানে কালুহাটি পাদুকা পল্লির উদ্যোক্তারাসহ এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

.....
তৌহিদ/সিকান্দার/রুহুল/২০২৩/১৬.৩০ঘ.